

চট্টগ্রাম ভাসিটি ছাত্রদলের অসন্তোষ

মদহুল কবীর ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদলে চাপা অসন্তোষ বিরাজ করছে। নতুন আহ্বায়ক কমিটি গঠন ও আহ্বায়কের কর্মকাণ্ড নিয়ে দলের মধ্যে কোন্দলে আবার তীব্র আকার ধারণ করতে যাচ্ছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মোহাম্মদ সেলিমকে আহ্বায়ক করে নতুন আহ্বায়ক কমিটি ঘোষণা হয় গত মাসের মাঝামাঝিতে। কমিটিতে বাদ পড়েন অনেক নেতাকর্মী। বাদ পড়া নেতাকর্মীরা জোট বেঁধে আহ্বায়ক কমিটির বিপরীতে অবস্থান নেয়। এদিকে আহ্বায়কের কর্মকাণ্ড নিয়ে খোদ আহ্বায়ক কমিটির মধ্যেও অসন্তোষ বিরাজ করছে। কয়েকজন দুগুণ আহ্বায়ক পুঙ্খ প্রতিরক্ষা ব্যক্ত করে বলেন, আহ্বায়ক আমাদের সাথে কোন বকম পরামর্শ না করেই সিদ্ধান্ত নিচ্ছেন। সাংগঠনিক পক্ষের উদ্বেগ

উপলক্ষে অতিথি নিমন্ত্রণে আমাদের সাথে কোন বকম আলোচনা করার প্রয়োজনবোধ করেননি তিনি। তারা বলেন, আগামী ১৩ ডিসেম্বরের মধ্যে সম্মেলন করে নতুন কমিটি গঠন করার কথা। অথচ এখনও হল ফ্যাকাল্টি কমিটিগুলো গঠিত হয়নি। কবে হবে তাও বলা যাচ্ছে না। আহ্বায়ক মোঃ সেলিম দেওয়ানকে সম্মেলন করার জন্য ইচ্ছুকভাবে এসব কমিটি করছেন না বলে তারা অভিযোগ করেছে। তাছাড়া গতকাল (রবিবার) চাকসু ভবনে বিদ্রোহী গ্রুপের একটি সভায় মোঃ সেলিম বক্তৃতা করার আহ্বায়কেরা তার অবস্থান নিয়ে সংশয় প্রকাশ করেছেন। তাদের দাবী স্বয়ং আহ্বায়ক বিদ্রোহী দলকে ইচ্ছন যোগাচ্ছেন যাতে স্থিতিশীল পরিবেশ বজায় না থাকে।